গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
আইসিটি শাখা

মার্চ ২০১৮ মাসে অনুষ্ঠিত জেলা ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ এমদাদুল হক চৌধুরী জেলা প্রশাসক
সভার তারিখ	১৮/৩/২০১৮
সভার সময়	বেলা ১২.০০ ঘটিকা
স্থান	জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষ, নড়াইল
উপস্থিতি	সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর জেলা ও উপজেলা পর্যায়ের ইনোভেশন নেটওয়ার্ক এর কার্যক্রমকে আরও গতিশীল ও কার্যকর করার জন্য বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ।

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন	সভায় এ জেলার ২০১৭-২০১৮ অর্থবছরের জন্য বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার মোট ১২৮ টি উদ্ভাবনী প্রকল্প এবং শোকেসিংযোগ্য উদ্ভাবনী প্রকল্পের অগ্রগতির বিষয়ে আলোচনা হয়।	২০১৭-২০১৮ অর্থবছরের জন্য নতুন উদ্ভাবনী কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নসহ নিয়মিত প্রতিবেদন এ কার্যালয়ের আইসিটি শাখায় প্রেরণ করতে হবে। Business Process Simplification এর জন্য নতুন প্রকল্প গ্রহণ করতে হবে।	১। সকল দপ্তর প্রধান ২। উদ্ভাবনী উদ্যোগ গ্রহণকারী কর্মকর্তা (সকল)
২	উদ্ভাবনী প্রকল্পসমূহ নিয়মিত পরিদর্শন	জেলা ও উপজেলা পর্যায়ে গৃহীত উদ্ভাবনী উদ্যোগসমূহ ইনোভেশন কমিটি (সকল) কর্তৃক নিয়মিত পরিদর্শনের ব্যাপারে আলোচনা করা হয়।	জেলা ও উপজেলা পর্যায়ে গৃহীত উদ্ভাবনী উদ্যোগসমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে।	জেলা ও উপজেলা ইনোভেশন টিম (সকল)

৩	জেলা পর্যায়ে দপ্তর/সংস্থার প্রধানদের সাথে উদ্ভাবনী উদ্যোগ বিষয়ে মতবিনিময়	জেলা পর্যায়ের সরকারি বিভিন্ন দপ্তর/ সংস্থার প্রধানদের সাথে উদ্ভাবনী উদ্যোগের অগ্রগতি নিয়ে নিয়মিত সভা করার ব্যাপারে আলোচনা হয়।	উদ্ভাবনী উদ্যোগসমূহের অগ্রগতি বিষয়ে ত্রৈমাসিক সভা করতে হবে এবং নিয়মিত মনিটরিং করতে হবে।	উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নকারী দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং জেলা ইনোভেশন অফিসার, নড়াইল
৪	সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার	উদ্ভাবনী উদ্যোগসমূহ নিয়মিত সামাজিক যোগাযোগ মাধ্যমে বিশেষ করে ফেসবুকে প্রচারের ব্যবস্হা গ্রহণ এবং **Public Service Innovation Bangladesh** এর Facebook Page এর মাধ্যমে উদ্ভাবনী উদ্যোগসমূহ পোস্ট করার বিষয়ে আলোচনা করা হয়।	উদ্ভাবনী উদ্যোগসমূহ সম্পর্কে নিয়মিত সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের ব্যবস্হা এবং **Public Service Innovation Bangladesh** এর Facebook Page এ উদ্ভাবনী উদ্যোগসমূহের তথ্য নিয়মিত পোস্ট করতে হবে।	১। সহকারী কমিশনার (আইসিটি) ২। উদ্ভাবনী উদ্যোগ গ্রহণকারী কর্মকর্তা
৫	উপজেলা ইনোভেশন টিমের সভা আয়োজন	উপজেলা পর্যায়ের মাসিক ইনোভেশন টিমের সভাকে আরও কার্যকর করার ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।	উপজেলা ইনোভেশন টিমের সভা প্রতিমাসে আয়োজন করতে হবে এবং সভার কার্যবিবরণীসহ গৃহীত উদ্ভাবনী উদ্যোগসমূহের অগ্রগতি প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	উপজেলা ইনোভেশন টিম (সকল)
৬	উদ্ভাবনী উদ্যোগের বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ	জেলায় বিভিন্ন সরকারি দপ্তর কর্তৃক গৃহীত ও বাস্তবায়নাধীন উদ্ভাবনী উদ্যোগসমূহের অগ্রগতির বিবরণ নিয়মিতভাবে জেলা প্রশাসকের কার্যালয়ে আইসিটি শাখায় প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	জেলায় বিভিন্ন সরকারি দপ্তর কর্তৃক গৃহীত ও বাস্তবায়নাধীন উদ্ভাবনী উদ্যোগসমূহের অগ্রগতির বিবরণ নিয়মিতভাবে প্রতিমাসের ১ তারিখের মধ্যে এ কার্যালয়ের প্রেরণ করতে হবে। এ ব্যাপারে যথাযথ উদ্যোগ নিতে হবে।	উদ্ভাবনী উদ্যোগ গ্রহণকারী কর্মকর্তা(সকল)

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

<u>পরিশিষ্ট-ক</u>

সভায় উপস্থিত সদস্যবৃন্দ	সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ
১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক ও আইসিটি), নড়াইল ২. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নড়াইল ৩. জেলা মৎস্য অফিসার, নড়াইল ৪. উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল ৫. উপজেলা নির্বাহী অফিসার, লোহাগড়া, নড়াইল ৬. উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল ৭. জেলা প্রাণিসম্পদ অফিসার, নড়াইল ৮. জেলা শিক্ষা অফিসার, নড়াইল ৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, নড়াইল ১০. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নড়াইল সদর	১. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নড়াইল ২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নড়াইল

মোঃ এমদাদুল হক চৌধুরী
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৪.৬৫০০..৫০২.০১.০০৯.১৭.১২

তারিখ: ১১ চৈত্র ১৪২৪
২৫ মার্চ ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
৪) প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালকের দপ্তর, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম
৫) উপপরিচালক , উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নড়াইল
৬) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
৭) অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক, জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
৮) অতিরিক্ত জেলা প্রশাসক, রাজস্ব, জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
৯) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, এডিএম, জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
১০) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লোহাগড়া, নড়াইল
১১) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নড়াইল সদর, নড়াইল
১২) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিয়া, নড়াইল

মোঃ এমদাদুল হক চৌধুরী
জেলা প্রশাসক